

**ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০১৮ উদযাপন উপলক্ষে (প্যাভিলিয়ন-৩) অর্থনৈতিক প্রবৃদ্ধি ( জেলা ব্র্যান্ডিং, দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান এবং রুরাল ই-কমার্স সংক্রান্ত গঠিত উপ-কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মুহাম্মদ মুনীরুজ্জামান ভূঞা, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নাটোর।  
 স্থান : অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নাটোর অফিস কক্ষ।  
 তারিখ ও সময় : ১৪/০২/১৮ খ্রিঃ তারিখে সকাল ১০.৩০ ঘটিকা।  
 সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি বলেন, ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০১৮ আগামী ২৬-২৮ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখে অনুষ্ঠিত হবে মর্মে সকলকে অবহিত করেন। সভাপতি সভায় বলেন, জেলা ব্র্যান্ডিং, দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান এবং রুরাল ই-কমার্সের ক্ষেত্রে ডিজিটাল উদ্ভাবনী প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করতে হবে। সভায় ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০১৮ উদযাপন উপলক্ষে (প্যাভিলিয়ন-৩) অর্থনৈতিক প্রবৃদ্ধি ( জেলা ব্র্যান্ডিং, দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান এবং রুরাল ই-কমার্স সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহীত হয়:

ক্রম:নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	জেলা ব্র্যান্ডিং	<ul style="list-style-type: none"> <li>➤ জেলা-ব্র্যান্ডিং উপর বিভিন্ন লিফলেট, ওয়ান পেইজার ইত্যাদি রাখা;</li> <li>➤ জেলা ব্র্যান্ডিং এর উপর বিভিন্ন ডকুমেন্টারি/অডিও ভিজুয়াল স্টলে প্রদর্শন;</li> <li>➤ স্টলে জেলা -ব্র্যান্ডিং লোগো স্থাপন;</li> <li>➤ ব্র্যান্ড-বুক প্রদর্শনের ব্যবস্থা করা;</li> <li>➤ ব্র্যান্ডিং নিয়ে তৈরী বিভিন্ন স্মারক/ সুভ্যানির স্টলে রাখা;</li> <li>➤ ব্র্যান্ডিং সং থাকলে তা স্টলে অডিওতে পরিবেশনের ব্যবস্থা করা যেতে পারে;</li> <li>➤ জেলা-ব্র্যান্ডিং ফেস বুক গুপ সংক্রান্ত তথ্য জানানোর ব্যবস্থা করা এবং জনসাধারণকে 'জেলা ব্র্যান্ডিং' এই গুপে সংযুক্ত করার ব্যবস্থা করা;</li> </ul>	<p>১. নেজারত ডেপুটি কালেক্টর নাটোর।</p> <p>২. সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর।</p>
২	দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান	<ul style="list-style-type: none"> <li>➤ স্থানীয় পর্যায়ে দক্ষতা উন্নয়নমূলক প্রতিষ্ঠানসমূহের যেমন: যুব উন্নয়ন অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, কর্মসংস্থান, জনশক্তি ও প্রশিক্ষণ ব্যুরো-বিএমইটি, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন-বিসিকসহ বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান) গুরুত্বপূর্ণ উদ্যোগসমূহ প্রদর্শন করতে হবে;</li> <li>➤ দক্ষতা উন্নয়ন বিষয়ক বিশেষ উদ্যোগসহ প্রদর্শন করতে হবে;</li> <li>➤ জেলা ব্র্যান্ডিং এর আওতায় গ্রহীত দক্ষতা উন্নয়নমূলক উদ্যোগসমূহ ( যেমন: ট্যার গাইড, ফটোগ্রাফার ইত্যাদি) প্রদর্শন করা এবং তরুন সমাজকে জেলা ব্র্যান্ডিং-এর মাধ্যমে কর্মসংস্থানের বিষয়ে উদ্বুদ্ধ করতে হবে;</li> </ul>	<p>১. নেজারত ডেপুটি কালেক্টর, নাটোর।</p> <p>২. সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর।</p> <p>৩. সংশ্লিষ্ট দপ্তর প্রধান।</p>
৩.	রুরাল ই-কমার্স	<ul style="list-style-type: none"> <li>➤ রুরাল ই-কমার্স কার্যক্রমের মাধ্যমে অনলাইনে পণ্য ক্রয়-বিক্রয়ের সুযোগ রাখা। এক বা একাধিক ই-কমার্স প্রতিষ্ঠান তাদের উদ্যোগসমূহ এই প্যাভিলিয়নে উপস্থাপন করতে হবে;</li> <li>➤ প্যাভিলিয়ন এ প্রজেক্টর এবং সাউন্ড সিস্টেম এর ব্যবস্থা করতে হবে। বিভিন্ন ব্যাংক, ই-কমার্স কোম্পানি এবং অন্যান্য কোম্পানী তাদের সেবা সরাসরি দেখানো এবং</li> </ul>	<p>১. নেজারত ডেপুটি কালেক্টর নাটোর।</p> <p>৩. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর।</p>

		<p>সেবা প্রদানের ব্যবস্থা রাখতে হবে;</p> <ul style="list-style-type: none"> <li>➤ গ্রাহকদের আকৃষ্ট করতে কুইজ বা লটারির মতো বিভিন্ন আয়োজন করতে কোম্পানি গুলোকে সহায়তা প্রদান করতে হবে;</li> <li>➤ মেলার একটি স্টলে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অর্জিত পুরস্কারসমূহ ও রাষ্ট্রের অর্জনসমূহ প্রদর্শন করতে হবে;</li> <li>➤ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর থেকে একটি শ্রেষ্ঠ অর্জন(সেবা) নির্বাচন করতে হবে। সকল জেলার মেলায় 'ওয়াল অফ ফেইম' নামে একটি জায়গা থাকবে। এখানে প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর থেকে শ্রেষ্ঠ অর্জন (সেবা) প্রদর্শন করতে হবে;</li> </ul>	<p>৪. সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর। ৫. ডেপুটি জেনারেল ম্যানেজার জনতা ব্যাংক লি: এরিয়া অফিস, নাটোর। (তৌকে লীড ব্যাংক হিসেবে সকল ব্যাংক মেলায় উপস্থিতি নিশ্চিত করার জন্য বলা হলো। ৬. জেলা তথ্য অফিসার, নাটোর।</p>
--	--	---	--

সভাপতি জেলা ডিজিটাল উদ্ভাবনী মেলা-২০১৮ তে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/

(মুহাম্মদ মুনিরুজ্জামান ডুঁঞা)

অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), নাটোর ও

আহবায়ক

জেলা ডিজিটাল উদ্ভাবনী মেলা-২০১৮ এর তে “(প্যাভিলিয়ন-৩) অর্থনৈতিক প্রবৃদ্ধি” বিষয়ক উপ-কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর

( রাজস্ব গোপনীয় শাখা)

সমারক নং: রাজস্ব/গোঃ/—৮৭(১০)

তারিখঃ ১৭/০২/২০১৮ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। জেলা প্রশাসক, নাটোর।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

২। *মুহাম্মদ মুনিরুজ্জামান ডুঁঞা*  
*অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব)*  
*নাটোর*

*(মুহাম্মদ মুনিরুজ্জামান ডুঁঞা)*  
*অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব)*  
*নাটোর*

(মুহাম্মদ মুনিরুজ্জামান ডুঁঞা)  
অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব)

নাটোর

ও

আহবায়ক

জেলা ডিজিটাল উদ্ভাবনী মেলা-২০১৮ এর তে “(প্যাভিলিয়ন-৩) অর্থনৈতিক প্রবৃদ্ধি” বিষয়ক উপ-কমিটি